

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.১৩.০০২.১৬- ৪৪৬

তারিখঃ ২১ বৈশাখ ১৪২৪  
০৪ মে ২০১৭

বিষয়ঃ জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ, প্রাক্তন প্রধান সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ এর পেনশন মঞ্জুর প্রসংগে।

সূত্র : (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.১৩.০০২.১৬-৮৮০ তারিখ ২৩ আগষ্ট ২০১৬  
(২) জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ, প্রাক্তন প্রধান সহকারী, ডিপিএইচই, কিশোরগঞ্জ এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ, প্রাক্তন প্রধান সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ কর্মকালীন তাঁর তত্ত্বাবধানে থাকা গুদামের মালামাল ঘাটতি থাকার কারণে দুর্নীতি দমন কমিশন ২৬/০৪/২০০১ তারিখে জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদসহ মোট চার জনের বিরুদ্ধে মামলা দায়ের করে। দীর্ঘ ১১ বছরে মামলাটি নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ দুর্নীতি দমন কমিশনকে বিবাদী করে মহামান্য হাইকোর্টে মামলা দায়ের করেন। আদালত জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদকে দায় থেকে অব্যহতি প্রদান করে। দুর্নীতি দমন কমিশন রায়ের বিরুদ্ধে আপীল না করার সিদ্ধান্ত নেয়। দুর্নীতি দমন কমিশন জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ এর বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি হিসেবে গন্য করে এবং তার প্রাপ্য বকেয়া বেতন-ভাতাদি প্রচলিত বিধি বিধানের আলোকে প্রদানের জন্য এ বিভাগকে অনুরোধ করে। জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ এর আবেদনের প্রেক্ষিতে বিষয়টি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ২৩ আগষ্ট ২০১৬ তারিখে এ বিভাগ হতে অনুরোধ করা হয়েছিল (সূত্র-১)। অদ্যাবদি বিষয়টি নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ পুনরায় এ বিভাগের সচিব মহোদয়ের বরাবর আবেদন করেছেন (সূত্র-২)।

এমতাবস্থায়, জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ, প্রাক্তন প্রধান সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ এর পেনশন মঞ্জুরের বিষয়টি বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

সংযুক্তি : জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ এর আবেদন।

মোঃ খাইরুল ইসলাম  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
ঢাকা।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ২। জনাব মোঃ আশরাফ উদ্দিন আহাম্মদ, প্রাক্তন প্রধান সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ।